

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৭৫

১১. কিতাবুয যাকাত (کتاب الزکاة)

পরিচ্ছেদঃ ইলমে হাদীসে অনভিজ্ঞ ব্যক্তিকে যেই হাদীস এই সংশয়ে ফেলে দেয় যে এই হাদীসটির সন্দ হয়তো বিচ্ছিন্ন

ذِكْنُ خَبَرٍ أَوْهَمَ مَنْ لَمْ يُحْكِمْ صِنَاعَةَ الْحَدِيثِ أَنَّ هَذَا الْإِسْنَادَ مُنْقَطِعٌ

আরবী

3375 ـ أَخْبُرَنَا أَبُو يَعْلَى حَدَّتَنَا أَبُو خَيْثَمَةَ حَدَّتَنَا ابْنُ مَهْدِيٍّ حَدَّتَنَا شُعْبَةُ عَنْ مَنْصُورٌ عَنْ سَالِم بْنِ أَبِي الْجَعْدِ عَنْ نُبَيْطِ بْنِ شَرِيطٍ عَنْ جَابَانَ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو عَنِ النَّبِيِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: (لَا يَدْخُلُ الْجَنَّةَ عاقٌ وَلَا مَنَّانٌ ولا مدمن خمر) الراوي : عَبْد اللَّهِ بْن عَمْرٍو ا المحدث : العلامة ناصر الدين الألباني ا المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 3375 ا خلاصة حكم المحدث: حسن _ ((الصحيحة)) (673). قَالَ أَبُو حَاتِمٍ: اخْتَلَفَ شُعْبَةُ وَالتَّوْرِيُّ فِي إِسْنَادِ هَذَا الْخَبَرِ فَقَالَ: التَّوْرِيُّ عَنْ سَالِم عَنْ جَابَانَ وَهُمَا ثِقَتَانِ حَافِظُانِ إِلَّا أَنَّ التَّوْرِيُّ كَانَ أَعْلَمَ بِحَدِيثَ أَهْلِ بَلَدِهِ مِنْ شُعْبَةَ وَأَحْفَظُ جَابَانَ وَهُمَا ثِقَتَانِ حَافِظُانِ إِلَّا أَنَّ التَّوْرِيُّ كَانَ أَعْلَمَ بِحَدِيثُ أَهْلِ بَلَدِهِ مِنْ شُعْبَةَ وَأَحْفَظُ جَابَانَ وَهُمَا ثِقَتَانِ حَافِظُانِ إِلَّا أَنَّ التَّوْرِيُّ كَانَ أَعْلَمَ بِحَدِيثُ أَهْلِ بَلَدِهِ مِنْ شُعْبَةَ وَأَحْفَظُ كَانَ أَعْلَمُ بِحَدِيثُ أَهْلِ بَلَدِهِ مِنْ شُعْبَةَ وَأَحْفَظُ فَالَ شُعْبَةً وَأُخْرَى كَمَا قَالَ سُعْبَةُ وَأَخْرَى كَمَا قَالَ سُعْبَةً وَأَخْرَى كَمَا قَالَ سُعْبَةُ وَأَخْرَى كَمَا قَالَ سُغْبَةُ وَأَخْرَى كَمَا قَالَ سُعْبَةً وَأَخْرَى كَمَا قَالَ سُغْيَانُ.

বাংলা

৩৩৭৫. আব্দুল্লাহ বিন আমর রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "পিতা-মাতার অবাধ্য সন্তান, দান করে খোটাদানকারী এবং মদ্যপায়ী ব্যক্তি জান্নাতে প্রবেশ করবে না ।"[1]

আবৃ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, "এই হাদীসের সনদ বর্ণনায় ইমাম শু'বা ও ইমাম সুফিয়ান সাওরী রহিমাহুমুল্লাহ মতভেদ করেছেন। সুফিয়ান সাওরী রহিমাহুমুল্লাহ সালিমের সূত্রে জাবান থেকে হাদীস বর্ণনা করেছেন। এই দুইজন রাবীই নির্ভরযোগ্য এবং হাদীসের হাফেয। তবে সুফিয়ান সাওরী রহিমাহুমুল্লাহ স্বীয় শহরের হাদীস বর্ণনায় ইমাম শু'বাহ রহিমাহুল্লাহ অপেক্ষা বেশি অবগত ও সংরক্ষনকারী ছিলেন। বিশেষত, ইমাম আ'মাশ,



আবৃ ইসহাক, মানসূর রহিমাহুমুল্লাহর হাদীস বর্ণনায়। সুতরাং সালিমের সূত্রে জাবান থেকে বর্ণিত হাদীস মুন্তাসিল। কাজেই হাদীসটি কোন কোন সময় ইমাম শু'বার মতো বর্ণিত হয়েছে, আবার কোন কোন সময় সুফিয়ান সাওরী রহিমাহুমুল্লাহ যেভাবে বলেছেন, সেভাবে বর্ণিত হয়েছে।"

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/২০৩; দারেমী: ২/১১২; নাসাঈ আল কুবরার বরাতে তুহফাতুল আহওয়াযী: ৬/২৮৩; তাহাবী, মুশকিলুল আসার: ৯১৪; সহীহ ইবনু খুযাইমাহ: ৩৬৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ দুর্বল বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (সহীহাহ: ৬৭৩)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন